# বেসিক ব্যাংক লিমিটেড এর গুলশান শাখার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Gulshan Branch, BASIC Bank Limited)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহঃ**

শাখার শ্রেণীকৃত ঋণের পরিমাণ বেশী হওয়ায় শাখা ব্যবস্থাপনা বিগত ০৩ বছর ঋণ আদায়ে বেশী মনোযোগী হন। বিগত ২০১৯ থেকে ২০২১ সালের জুন পর্যন্ত শাখার মোট শ্রেণীকৃত ঋণ হতে আদায়ের পরিমাণ ১৯৮২.২৯ লক্ষ টাকা। এই সময়ে নতুন ঋণ বিতরণ করা হয়েছে ২৫০.৭৮ লক্ষ টাকা। ২০১৯ সালে মোট ১১৪.০৬ লক্ষ টাকা, ২০২০ সালে মোট ১.৯৩ লক্ষ টাকা এবং ২০২১ সালে মোট ২.৫৬ লক্ষ টাকার ঋণ পুনঃতফসিল করা হয়েছে। শুধুমাত্র ২০২০-২০২১ অর্থবছরে বিআরপিডি সার্কুলার নং-৫, তারিখ ১৬/০৫/২০১৯ ইং অনুযায়ী ২% ডাউনপেমেন্ট প্রাপ্তি সাপেক্ষে শাখার মোট ৪.৫৫ লক্ষ টাকার মন্দ ঋণ এর পুনঃতফসিল করা হয়েছে এবং যা থেকে মোট ৪.০০ লক্ষ টাকা আদায় করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জঃ**

বর্তমানে গুলশান শাখার বিতরণকৃত মোট ঋণের প্রায় ৭৭.৩৬ % খেলাপী ঋণ যার পরিমাণ ২০৬০.৮৪ লক্ষ টাকা। বিপুল পরিমাণ এই শ্রেণীকৃত ঋণের মধ্যে কিছু গ্রাহক অচিহ্নিত রয়েছেন এবং কিছু গ্রাহকের ব্যাবসা বন্ধ রহিয়াছে। এমতাবস্থায় এইসব অচিহ্নিত গ্রাহক চিহ্নিতকরণ এবং শ্রেণীকৃত ঋণ হতে আদায় এই শাখার জন্য বড় চ্যালেঞ্জ। এছাড়া বর্তমানে প্রায় ৪৪৪৪.৯৫ কোটি টাকা দাবীকৃত মোট ৭০ টি গ্রাহকের বিরুদ্ধে মামলা চলমান রয়েছে। শ্রেণীকৃত এসব গ্রাহকের বড় একটি অংশের বিরুদ্ধে রয়েছে দুদকের মামলা। ফলে অনেক গ্রাহক রয়েছেন পলাতক। দায়েরকৃত মামলা সমূহ প্রমাণ সাপেক্ষে ব্যাংকের পক্ষে রায় নিয়ে আসা এবং শ্রেণীকৃত ঋণ সমূহ হতে আদায় শাখার জন্য বর্তমানে বড় চ্যালেঞ্জ।
শাখার শ্রেণীকৃত ঋণ বেশি হওয়ায় শাখার মুনাফা অর্জন বাধাগ্রস্থ হচ্ছে। এছাড়াও কোভিড-১৯ এর কারণে বিশ্বব্যাপী রপ্তানী ব্যাবসায় মন্দাভাব বিরাজ করার কারণে শাখার মূল রপ্তানিকারক প্রতিষ্ঠানের রপ্তানি ব্যাবসা হতে অর্জিত আয়ের পরিমাণ ও শাখার মুনাফা হ্রাস পেয়েছে। উপরন্তু ব্যাংকের শ্রেনীকৃত ঋণের উচ্চহার সহ বিভিন্ন মানদণ্ডে নেতিবাচক প্রভাবের কারণে বিভিন্ন বিদেশী ব্যাংক কর্তৃক বেসিক ব্যাংকের এল.সি. গ্রহণ না করার সিদ্ধান্তের প্রেক্ষিতে শাখার বেশিরভাগ আমদানিকারকগন অত্র শাখায় আমদানী ব্যাবসা উল্লেখযোগ্য হারে কমিয়ে দিয়েছেন, ফলশ্রুতিতে শাখার একটি বড় আয়খাত থেকে আয়ের পরিমাণ অনেকাংশে হ্রাস পেয়ছে।

- **ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

শাখার সার্বিক ঋণ আদায় কার্যক্রম জোরদার করা এবং বিশেষত শ্রেণীকৃত ঋণের পরিমাণ ২০৬০.৮৪ কোটি হতে কমিয়ে ১৫০০ কোটি আনার মাধ্যমে শাখার লোকসানের পরিমাণ কমিয়ে আনা এবং পর্যায়ক্রমে শাখাকে লাভজনকে পরিনত করা। শ্রেণীকৃত ঋণ আদায়ে চলমান মামলার কার্যক্রম ত্বরানবিত করা এবং যেসব মামলায় ব্যাংক চূড়ান্ত রায় প্রাপ্ত হয়েছে সেসকল ঋণ গ্রহীতার জামানত আইনানুগভাবে নিলামের মাধ্যমে ঋণ সমন্বয় করে শাখার শ্রেণীকৃত ঋণ কমিয়ে আনা। এছাড়া এসএমই , কৃষি ও ক্ষুদ্র শিল্পখাতে অগ্রাধিকার ভিত্তিতে ঋণ বিতরণ করা। একইসাথে নারী উদ্যোক্তা ও গ্রীন ফাইন্যান্সিং- এর উপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা। অপরদিকে নতুন নতুন স্বল্পব্যয়ী আমানত হিসাব খোলা সহ শাখার স্বল্পব্যয়ী আমানতের পরিমাণ বৃদ্ধি করা। বৈদেশিক রেমিট্যান্স সহ RTGS, EFTN ইত্যাদি সেবা প্রদানের মাধ্যমে শাখার সামগ্রিক কার্যক্রম বৃদ্ধি করা। এছারাও শাখা কর্তৃক গৃহীত বিভিন্ন ইউটিলিটি বিল এর পরিমাণ বৃদ্ধি করা। ব্যাংকের প্রধান কার্যালয়ের সহায়তায় শাখার কর্মকর্তাগনের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে শাখার সেবা প্রদানের মান বৃদ্ধি করা।

- **২০২২-২৩ অর্থবছরে গুলশান শাখার সম্ভাব্য প্রধান অর্জন সমূহ**

  - এসএমই খাতে ঋণ বিতরণ ও আদায়
  - কৃষি খাতে ঋণ বিতরণ ও আদায়
  - শ্রেণিকৃত হিসাবসমূহ হতে নগদ আদায়
  - শ্রেণিকৃত ঋণের হার নামিয়ে আনা
  - মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার বৃদ্ধিকরণ

